দৈনিক ইত্তেফাক

তারিখ 13 DEC 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

# মাদ্রাসা পরীক্ষার ফলাফল

বাংলাদেশ টেলিভিশনকে ধন্যবাদ। মাদ্রাসা পরীক্ষার ফলা-
ফলকে এবার টেলিভিশনে কিছুটা গুরুত্ব দেওয়া হইয়াছে। মাধ্যমিক
শিক্ষাবোর্ডের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাবী ছাত্রদের টিভিতে
দেখানো হইলেও মাদ্রাসার ছাত্রদের সেভাবে দেখানো হইত না।
স্কুল বোর্ডের ফলাফল যতটা গুরুত্বের সঙ্গে প্রচারিত হয়, মাদ্রাসার
ছাত্রদের প্রতি ততটা গুরুত্ব দেওয়া হয় না। মাদ্রাসায় যেন মেধাবী
ছাত্রের অস্তিত্ব নাই। অথচ বাস্তবে মাদ্রাসার বহু ছাত্র বর্তমানে
মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ও বিশ্ববিদ্যালয়ে যোগ্যতার পরিচয়
দিতেছে। ইহার পরও মাদ্রাসা ছাত্রদের প্রতি বৈষম্য কেন, বুঝা
মুশকিল। উল্লেখ্য, পাকিস্তানের পরলোকগত প্রধানমন্ত্রী জনাব শহীদ
সোহরাওয়ার্দীও ক্যালকাটা মাদ্রাসার ছাত্র।
জাতীয় দৈনিকগুলিও মাদ্রাসা শিক্ষার প্রতি উদাসীন। স্কুল
বোর্ডের মত সমান গুরুত্ব সহকারে তাহারা মাদ্রাসা পরীক্ষার ফলাফল
প্রকাশ করেন না। আমরা এই ধরনের আচরণের অবসান কামনা
করি।

—ওমর ফারুক, ৩০৯, জিয়া ছাত্রাবাস, ওসমানী মেডিকেল
কলেজ, সিলেট।

14